



সমকাল

দৈনিক সমকাল ০৩-০৩-২০২৪, পৃষ্ঠা-১২



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে গবেষণা সম্মেলন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগ দুই দিনব্যাপী ‘৩য় ইস্ট ওয়েস্ট ইকোনমিকস রিসার্চ কনফ্লেন্স ২০২৪’ শিরোনামে গবেষণা সম্মেলনের আয়োজন করে। রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধনী অধিবেশনের বিষয় ছিল ‘টেকসই এবং সরবরাহ ব্যবস্থাপনা’। মূল প্রবন্ধ উপস্থাপন করেন জার্মানির কুহেনে লজিস্টিক ইউনিভার্সিটির অধ্যাপক অ্যালান সি. ম্যাককিনন। আলোচনায় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের চেয়ারপারসন ড. মুনতাসির চৌধুরী প্রমুখ।